সত্যমেব জয়তে

পৌর বিষয়ক দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গের শহর এলাকায় - মহিলাদের স্বনির্ভরতার লক্ষ্যে

পৌর বিষয়ক দপ্তরের
পক্ষে রাজ্য নগর উন্নয়ন সংস্থা (সুডা)
কর্তৃক প্রচারিত

পৌর এলাকায় স্বাস্থ্য পরিষেবা

বিগত বছরগুলি থেকে পৌর এলাকায় স্বাস্থ্য পরিষেবা প্রকল্প পর্যায়ক্রমে বিভিন্ন নামে রূপায়িত হয়েছে। বর্তমানে ৫২টি পৌর এলাকায় **'আরবান প্রাইমারি হেল্‌থ কেয়ার সার্ভিস'** (UPHCS) ও ৭৪টি পৌর এলাকায় **'কমিউনিটি বেসড প্রাইমারি হেল্‌থ কেয়ার সার্ভিস'**-এর কাজ চলছে। এই স্বাস্থ্য প্রকল্পগুলিকে জোরদার করার জন্য ইতিমধ্যে এই সকল প্রকল্পের মাধ্যমে ১৭৮১টি স্বাস্থ্য উপকেন্দ্র, ১৭২টি হেল্‌থ অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট এবং রেফারেল-এর জন্য ৪৮টি বিশেষজ্ঞ বহির্বিভাগ, ৩৫টি মেটারনিটি হোম ও ২৬টি ডায়াগনষ্টিক সেন্টার স্থাপন করা হয়েছে। '১৩-১৪' আর্থিক বছরে ৩২টি পৌর এলাকায় **'ন্যাশনাল আরবান হেল্‌থ মিশন'** (NUHM) অনুমোদিত হয়েছে। আরও ৬০টি পৌর এলাকা ন্যাশনাল আরবান হেল্‌থ মিশন-এর অন্তর্ভুক্ত করার প্রচেষ্টা চলছে।

লক্ষ্য ঃ

- **শহরের স্বাস্থ্য পরিষেবার সামগ্রিক উন্নতি** অর্থাৎ প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা সকল শহরবাসীর কাছে পৌঁছে দেওয়া
- **সকল শহরবাসীর জন্য জাতীয় স্বাস্থ্য প্রকল্প** অর্থাৎ জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচী, জাতীয় কুষ্ঠ দূরীকরণ কর্মসূচী, জাতীয় ম্যালেরিয়া নিবারণ কর্মসূচী, এইডস্‌ কর্মসূচী, জাতীয় বাহকজনিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী ইত্যাদি রূপায়ণ করা
- মা ও শিশুর স্বাস্থ্য সুরক্ষিত করা

চলতি আর্থিক বছরে ১২৬টি পৌর এলাকায় মশকবাহিত রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য ৪৪৯.৪৬ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

উপস্বাস্থ্য কেন্দ্রে নিম্নলিখিত পরিষেবাগুলি দেওয়া হয় -

- গর্ভবতী ও প্রসূতি মায়ের চেক-আপ/ রেফারেল
- ইমিউনাইজেশন ক্লিনিক
- চিকিৎসক দ্বারা সাধারণ অসুখের চিকিৎসা
- গ্রোথ মনিটরিং ক্লিনিক
- স্বাস্থ্য সচেতনতা শিবির আয়োজন করা
- মহিলা, কিশোরী এবং বাচ্চাদের প্রয়োজনমতো আয়রন বড়ি খাওয়ানো
- কিশোরী ও বাচ্চাদের কৃমির ওষুধ দেওয়া

ইনোভেটিভ চ্যালেঞ্জ ফান্ড

ইনোভেটিভ চ্যালেঞ্জ ফান্ড - পশ্চিমবঙ্গ সরকারের পৌর বিষয়ক দপ্তর কর্তৃক রূপায়িত (কেইউএসপি), ব্রিটিশ সরকারের (ডিএফআইডি) ও জামশেদজী টাটা ট্রাস্ট-এর আর্থিক সহায়তায় এক বহুমুখী নগর সংস্কার কর্মসূচী। শহরাঞ্চলে দারিদ্র দূরীকরণের লক্ষ্যে ২০০৫ সালে এই ফান্ডটি গঠন করা হয়। প্রধানত এই ফান্ডটি বিভিন্ন সংগঠন, যেমন সমষ্টি উন্নয়ন মূলক সংগঠন ও স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্ভাবনীমূলক বা অভিনব, আধুনিক, সৃজনশীল চিন্তাধারার প্রকল্পগুলিকেই আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

- এই কর্মসূচীর লক্ষ্য হল শহরাঞ্চলের পরিকল্পনা ও পরিচালন ব্যবস্থাপনার উন্নতি, নাগরিক পরিষেবা গ্রহণে সুযোগের সম্প্রসারণ, দরিদ্র শ্রেণীর আর্থিক উন্নতি সাধন ও জীবনের মানোন্নয়ন ঘটানো।

- এই ফান্ডের উপভোক্তা শহরাঞ্চলের দরিদ্র ও অন্যান্য প্রান্তিক গোষ্ঠী, বয়স্ক ব্যক্তি, নারী ও সমাজচ্যুত শ্রেণী, বিভিন্ন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত মানুষ, ফুটপাতের বাসিন্দা, দৈহিক ও মানসিক প্রতিবন্ধী, শিশু এবং বয়ঃসন্ধিকালীন কিশোর-কিশোরী।

- আই/সিএফ-এর সহায়তাপ্রাপ্ত প্রকল্পগুলি সাধারণত ২টি ভাগে বিভক্ত

ক) **জীবিকা অন্বেষণ প্রকল্প** - জরি, মশলা, পাটজাত, কাগজজাত, কেঁচো সার, মাছ চাষ, মাটির ও কাঁসা-পিতলের বাসন প্রস্তুত, খাদ্য প্রস্তুত, ঝাড়ু, মাদুর, গামছা, মশারি ও শাঁখা তৈরী, ক্যান্টিন ও ক্যাটারিং ইউনিট পরিচালনা

খ) **অন্যান্য প্রকল্প** - বয়স্ক শিক্ষা, মহিলাদের আইনি স্বাক্ষরতা, বয়স্কদের তত্ত্বাবধান ও চিকিৎসার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ দান, যৌনকর্মীদের শিশুদের মূলস্রোতে ফিরিয়ে আনার কাজ, বয়ঃসন্ধিকালীন কিশোরীদের যৌন স্বাস্থ্যশিক্ষা ও সচেতনতা বৃদ্ধি, ভিখারীদের উপপ্রয়োগভিত্তিক নিরীক্ষা, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী শিশু ও প্রাপ্তবয়স্কদের পুনর্বাসন ইত্যাদি।

- এখনও পর্যন্ত ২৩২টি প্রকল্প রূপায়িত হয়েছে পশ্চিমবঙ্গের বিভিন্ন পৌরনিগম ও পৌরসভাগুলিতে (কলকাতা কর্পোরেশন বাদে)। এর মধ্যে বিভিন্ন সমষ্টি উন্নয়ন সমিতি (সিডিএস)-র মাধ্যমে ১১৫টি ও অন্যান্য স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও)-র মাধ্যমে ১১৭টি প্রকল্প রূপায়িত হয়েছে। বর্তমানে ১২টি প্রকল্পের কাজ চলছে। এর সুবাদে প্রায় ২০,০০০ প্রান্তিক মানুষ তাদের জীবনযাত্রার স্থায়ী মানোন্নয়নের লক্ষ্যে পৌঁছতে সক্ষম হয়েছে।

জাতীয় নগর জীবিকা মিশন (NULM)

২০১১ সালের জনগণনা অনুসারে যে সকল পৌরসভার জনসংখ্যা ১ লক্ষ বা তার অধিক, তৎসহ সকল জেলা সদর পৌরসভা এই প্রকল্পের (NULM) অন্তর্ভুক্ত

- NULM প্রকল্পের মূল লক্ষ্য হল শহরাঞ্চলে বসবাসকারী দরিদ্র পরিবারগুলির সার্বিক উন্নয়ন (জীবিকার ক্ষেত্রে, বাসস্থানের ক্ষেত্রে ও সামাজিক সুরক্ষার ক্ষেত্রে)
- প্রকল্পের ব্যয়ভার কেন্দ্র ও রাজ্য যথাক্রমে ৭৫:২৫ অনুপাতে বহন করবে
- রাজ্যে জীবিকা মিশন ১লা এপ্রিল ২০১৪ থেকে চালু হয়েছে
- সংশ্লিষ্ট পৌরসভাগুলির মাধ্যমে NULM কার্যকরী হবে
- NULM-এ নিম্নলিখিত কর্মসূচীর কথা উল্লেখ আছে

  i) SM&ID ঃ শহরাঞ্চলের দরিদ্র পরিবারগুলিকে সংঘবদ্ধ করা ও স্বনির্ভরগোষ্ঠী, Area Level Federation, City Level Federation গঠন করা

  ii) CB&T ঃ প্রকল্প রূপায়ণের জন্য সর্বস্তরে যথোচিত বিশেষজ্ঞ নিয়োগ করা ও তাদের গুণমান বাড়ানোর জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা

  iii) EST&P ঃ শহরে দরিদ্র পরিবারগুলির জন্য বাজারের চাহিদা অনুসারে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা এবং মজুরী ভিত্তিক বা স্বনিযুক্তির মাধ্যমে তাদের জীবিকা সুনিশ্চিত করা

  iv) SEP ঃ এই কর্মসূচীতে দরিদ্র পরিবারভুক্ত ব্যক্তিদের জন্য স্বনিযুক্তিকরণের লক্ষ্যে এককভাবে বা দলগতভাবে স্থানীয় বাজারের চাহিদা অনুসারে লাভজনক ব্যবসা গড়ে তোলার জন্য ব্যাঙ্কের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করা হবে। ব্যাঙ্ক ঋণের জন্য কোনও প্রকার বন্ধকীর আবশ্যকতা নেই

  v) SUSV ঃ - স্ট্রিট ভেনডরদের জন্য বিশেষ পরিকল্পনা তৈরি করা, তাদের দক্ষতা বৃদ্ধি ও ঋণ গ্রহণে সক্ষম করে তোলা

  vi) SUH ঃ শহরে বসবাসকারী গৃহহীন হতদরিদ্র গরীব মানুষজনের জন্য স্থায়ী আবাসনের বন্দোবস্ত করা এই কর্মসূচীর প্রধান লক্ষ্য